

চিঠি নেই, চিঠি চাই

চিঠি চেয়েছ, একান্ত খুব, চিঠির জন্য হা হা,
 চিঠি লিখছি নিজের মনে চিঠির জন্য যাহা
 চাইরে সখা, নির্জনতা, নির্জনতাই নেই !
 চিঠির জন্য কলম নিলাম চিঠির জন্য এই
 লেখার প্যাডে ঝুঁকে রয়েছে, লেখার জন্য ঠিক,
 বুকের মধ্যে আঁকু পাঁকু, কাঁপছে দিক বিদিক্ ।
 ব্যক্তিগত কথার থেকে পথ গিয়েছেন বেঁকে ।
 পথ গিয়েছেন অনেক দূরে ব্যস্ত জীবন থেকে ।
 চিঠি চেয়েছ, সময় কোথায় ? দূরভাষ তো আছে,
 দূরভাষের সহজ আলাপ মনের কোনে নাচে ।
 চিঠি লিখছি একান্ত খুব, চিঠির জন্য জাগো ।
 পত্র লেখা, না পেলে খুব সংগোপনে রাগো,
 দূরভাষেই চিঠিকে খায়, দূরভাষেই থাকে,
 চিঠির জন্য হাহা তৃষণ বুকের মধ্যে জাগে !

চিঠি চেয়েছ একান্ত খুব চিঠির জন্য হাহা,
 চিঠির মতো আর কি আছে মধুর সখা, আহা !

কৃষ্ণা বসু

